

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১১.০২.০০.১২৭.২০১১.২৫৪৮

তারিখঃ ১২ শ্রাবন ১৪২৪ বঙ্গাব্দ  
১২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কুমিল্লা জেলা পরিষদে সাংগঠিক কাঠামো বহির্ভূত শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।


সূত্রঃ কুমিল্লা জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৪৬.০০.০০১.০১.২৮৯.২০০৮-৪৫৬, তারিখঃ ১৫/৫/২০১৭।

কুমিল্লা জেলা পরিষদের মালিকানাধীন নিম্নোক্ত ৬টি ডাকবাংলো সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সাংগঠনিক কাঠামো বহির্ভূত ১জন করে দারোয়ান কাম কেয়ারটেকার পদে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরী ভিত্তিতে ৬জন লোক নিয়োগের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

ক্র:নং	ডাকবাংলোর নাম
১.	জেলা পরিষদ, ডাকবাংলো, মনোহরগঞ্জ, কুমিল্লা
২.	জেলা পরিষদ, ডাকবাংলো, দেবিদ্বার, কুমিল্লা
৩.	জেলা পরিষদ, ডাকবাংলো, সদর দক্ষিণ, কুমিল্লা (বাস্তবায়নধীন)
৪.	জেলা পরিষদ, ডাকবাংলো, তিতাস, কুমিল্লা
৫.	জেলা পরিষদ, ডাকবাংলো, বাংগরা মুরাদনগর, কুমিল্লা (বাস্তবায়নধীন)
৬.	নোয়াপুর শহীদ স্মৃতি গণপাঠাগার ও অডিটরিয়াম চৌদ্দগ্রাম, কুমিল্লা

শর্তসমূহ :

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে ;
- ২) মাসিক ভিত্তিতে বেতন দেয়া যাবে না, দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করতে হবে, কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না, এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধ কারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
- ৩) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবিকরতে পারবে না ;
- ৪) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে ;
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে ;

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, কুমিল্লা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুমিল্লা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।